মনিটারি পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

এমপিডি সার্কুলার নং-০২

তারিখ : ডিসেম্বর ১০, ২০১৩
অগ্রহায়ণ ২৬, ১৪২০

প্রধান নির্বাহী
বাংলাদেশে কর্মরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি।

প্রিয় মহোদয়,

**ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৩ ধারা মোতাবেক সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ প্রসঙ্গে**

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ডিসেম্বর ০১, ২০১০ তারিখের এমপিডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৩৩ এর উপ-ধারা (২) এর ২০১৩ সনে আনীত সংশোধনীর প্রেক্ষিতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, (ক) প্রচলিত ধারার ব্যাংকিং এর ক্ষেত্রে সিআরআর এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা দৈনিক ভিত্তিতে তাদের মোট তলবী ও মেয়াদি দায়ের ১৩.০ (তের) শতাংশের এবং (খ) ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকিং এর ক্ষেত্রে এই মাত্রা ৫.৫ (সাড়ে পাঁচ) শতাংশের কম হবে না।

০৩। এ নির্দেশনা আগামী ফেব্রুয়ারি ০১, ২০১৪ থেকে কার্যকর হবে এবং একই সাথে ডিসেম্বর ০১, ২০১০ তারিখের এমপিডি সার্কুলার নং-০৫ বিলুপ্ত বলে গন্য হবে।

০৪। এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ডিসেম্বর ১০, ২০১৩ তারিখের এমপিডি-১১৬/২০১৩-৭৫৭ নম্বর বিজ্ঞপ্তিটি আপনাদের অবগতির জন্য এতদ্‌সঙ্গে সংযোজিত হল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মুসার্‌রাত জাহান)
মহাব্যবস্থাপক
ফোন - ৯৫৬৪১১৯

সংযোজনী ঃ বর্ণনানুযায়ী।

**মনিটারি পলিসি ডিপার্টমেন্ট**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

নং এমপিডি-১১৬/২০১৩-৭৫৭

তারিখ : ডিসেম্বর ১০, ২০১৩
অগ্রহায়ণ ২৬, ১৪২০

**বিজ্ঞপ্তি**

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৩৩ ধারার উপ-ধারা (২) এর ২০১৩ সনে আনীত সংশোধনীর সূত্রে তফসিলি ব্যাংক কোম্পানিসমূহের দৈনিক ভিত্তিতে রক্ষণীয় সহজে বিনিময়যোগ্য সম্পদের পরিমাণ বাংলাদেশ ব্যাংকের সংগে দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে রক্ষণীয় নগদ জমা (সিআরআর) থেকে আলাদভাবে নির্ণীত হবে। এ প্রেক্ষিতে, ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৩৩ ধারার উপ-ধারা (১) এ অর্পিত ক্ষমতাবলে (ক) প্রচলিত ধারার ব্যাংকিং এর ক্ষেত্রে সিআরআর এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা তাদের মোট তলবী ও মেয়াদি দায়ের অন্যূন ১৩.০ (তের) শতাংশে এবং (খ) ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকিং এর ক্ষেত্রে এই মাত্রা অন্যূন ৫.৫ (সাড়ে পাঁচ) শতাংশে ধার্য করা হলো।

এই আদেশ আগামী ফেব্রুয়ারি ০১, ২০১৪ তারিখ হতে কার্যকর হবে।

স্বাঃ/

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
ডেপুটি গভর্নর